জ্বালানি খাতে যুক্তরাষ্ট্রের সহায়তা চাইল বাংলাদেশ সরকার



যুক্তরাষ্ট্রের জ্বালানি সচিব ক্রিস রাইটের সঙ্গে বৈঠক করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। ছবি: সংগৃহীত

জ্বালানি খাতে চলমান সরবরাহ সংকট ও বৈশ্বিক অস্থিরতার প্রভাবে তৈরি হওয়া চাপ সামাল দিতে যুক্তরাষ্ট্রের সহযোগিতা চেয়েছে বাংলাদেশ। এ বিষয়ে ওয়াশিংটন ডিসিতে যুক্তরাষ্ট্রের জ্বালানি দপ্তরে দেশটির জ্বালানি সচিব ক্রিস রাইটের সঙ্গে বৈঠক করেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান।

বৈঠকে তিনি বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে মার্কিন সহায়তার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। একই সঙ্গে দুই দেশের মধ্যে জ্বালানি সহযোগিতা আরও বাড়ানোর বিষয়েও আলোচনা হয়।

জবাবে মার্কিন জ্বালানি সচিব জানান, বাংলাদেশের বর্তমান পরিস্থিতি তারা অবগত আছেন এবং এ সংকটকালীন সময়ে সহযোগিতার বিষয়ে যুক্তরাষ্ট্র ইতিবাচক মনোভাব বজায় রাখবে। তিনি বাংলাদেশকে সহায়তার বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনার আশ্বাস দেন।

LENS ASIA